**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 15.07.2026** **Time: 1.30 PM**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) ভারত ও ব্রিটেনের মধ্যে সার্বিক অর্থনৈতিক ও বাণিজ্য চুক্তি- CETA আজ থেকে কার্যকর হয়েছে। #শিল্প সংস্থাগুলি এই বাণিজ্য চুক্তিকে এক মাইলফলক বলে অভিহিত করেছে।

২) কলকাতার নেতাজি সুভাষচন্দ্র বসু আন্তর্জাতিক বিমানবন্দরে এই উপলক্ষ্যে আজ বিকেলে একটি ফ্ল্যাগ অফ কর্মসূচীর আয়োজন করা হয়েছে।

৩/ ভারত বলেছে, রাষ্ট্রসংঘ নিরাপত্তা পরিষদের ওপর জনগণের আস্থা কমে যাচ্ছে, এর কারণ হল রাষ্ট্রসংঘ নিরাপত্তা পরিষদের সংস্কার না হওয়া।

৪/ হরমুজ প্রণালী দিয়ে বাণিজ্যিক জাহাজ চলাচলের ওপর সাম্প্রতিক হামলার পাল্টা পদক্ষেপ হিসাবে ইরানের বন্দরে ফের অবরোধ শুরু করেছে মার্কিন যুক্তরাষ্ট্র।

৫/ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, কেন্দ্র নতুন করে আয়ুর্বেদ ও যোগকে আন্তর্জাতিক স্তরে উন্নীত করেছে।

৬/ ওড়িশার পুরীতে আগামীকাল রথযাত্রা উদযাপনের জন্য জোরদার প্রস্তুতি চলেছে।

৭) বিশ্বকাপ ফুটবলের দ্বিতীয় সেমিফাইনালে গতবারের চ্যাম্পিয়ান আর্জেন্টিনা আজ ইংল্যান্ডের মুখোমুখি হবে। স্পেন ইতোমধ্যেই ফাইনালে উঠেছে।

************************************************************************************

ভারত ও ব্রিটেনের মধ্যে সাক্ষরিত সার্বিক অর্থনৈতিক ও বাণিজ্য চুক্তি –CETA আজ কার্যকর হয়েছে। একইসঙ্গে ডাবল কনট্রিবিউশন কনভেনশন-DCC নামে পরিচিত সামাজিক সুরক্ষা সংক্রান্ত চুক্তিটিও আজ কার্যকর হয়েছে। এর ফলে ব্রিটেনে ভারতীয়দের কাজের সুযোগ বাড়বে।

এই ঐতিহাসিক চুক্তির ফলে ভারতের রপ্তানি পণ্যের ৯৯ শতাংশই বিনা শুল্কে ব্রিটেনের বাজারে প্রবেশের সুবিধা পাবে। এই চুক্তি ভারত ও ব্রিটেনের মধ্যে কৌশলগত সমঝোতা আরও সুদৃঢ় করবে এবং এর ফলে দুই দেশের মানুষ আরও সমৃদ্ধ হবেন বলে মনে করা হচ্ছে।

নতুন দিল্লিতে গতকাল বাণিজ্য সচিব রাজেশ আগরওয়াল, ভারত-ব্রিটেন মুক্ত বাণিজ্য চুক্তিকে ভারতের বাণিজ্য যাত্রার এক যুগান্তকারী মাইলফলক বলে বর্ণনা করেছেন। তিনি বলেন, এই চুক্তি বিশ্বের দুই প্রধান অর্থনীতির মধ্যে ভবিষ্যতমুখী অর্থনৈতিক অংশীদারিত্ব গড়ে তুলবে।

ডাবল কনট্রিবিউশন কনভেনশন-DCC সম্পর্কে বাণিজ্যসচিব বলেন, এই ব্যবস্থার ফলে ব্রিটেনে সাময়িকভাবে কর্মরত যোগ্য ভারতীয় কর্মী এবং তাঁদের নিয়োগকর্তারা নির্দিষ্ট সময়ের জন্য সেখানে সামাজিক সুরক্ষা বাবদ অর্থ প্রদান থেকে অব্যাহতি পাবেন।

এই চুক্তির সুবাদে ভারতীয় রপ্তানিকারকরা ব্রিটেনের একাধিক গুরুত্বপূর্ণ ক্ষেত্রে সম্পূর্ণ শুল্কমুক্ত সুবিধা পাবেন। এর ফলে ব্রিটেনের বাজারে ভারতীয় পণ্যের প্রতিযোগিতামূলক সক্ষমতা উল্লেখযোগ্যভাবে বাড়বে এবং কৃষক, মৎস্যজীবী, ক্ষুদ্র ও মাঝারি শিল্প এবং উৎপাদকদের জন্য নতুন সুযোগ তৈরি হবে। একইসঙ্গে বিশ্বব্যাপী মূল্য শৃঙ্খলের সঙ্গে ভারতের সংযুক্তি আরও মজবুত হবে।

*********************************************************************************

শিল্প সংস্থাগুলি, ভারত–ব্রিটেন মুক্ত বাণিজ্য চুক্তিকে, ভারতের অবাধ বাণিজ্য চুক্তির ইতিহাসে এক মাইল ফলক হিসেবে অভিহিত করেছে।

ফিকির মহাসচিব অনন্ত স্বরূপ বলেছেন, এর ফলে আন্তর্জাতিক শৃঙ্খলে ভারতের অংশ গ্রহণের পথ আরও প্রশস্ত হল।

ভারত–ব্রিটেন মুক্ত বাণিজ্য চুক্তি কার্যকর হওয়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে অভিনন্দন জানান তিনি।

আসোচামের সভাপতি নির্মল কুমার মিন্দা'ও বলেছেন, এই চুক্তি ভারতের পক্ষে এক ঐতিহাসিক মাইল ফলক। বাণিজ্য উন্নয়ন পরিষদের চেয়ার ম্যান মহিত সিংলা বলেছেন, ঐতিহাসিক এই চুক্তি ভারতীয় রপ্তানিকারকদের জন্যে এক নতুন অধ্যায়ের সূচনা করলো।

*********************************************************************************

ভারত-ব্রিটেন (UK) মুক্ত বাণিজ্য চুক্তি কার্যকর হওয়া উপলক্ষ্যে কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প মন্ত্রকের উদ্যোগে সমস্ত রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলে একাধিক কর্মসূচির আয়োজন করা হয়েছে।

এর অঙ্গ হিসেবে, ভারত-ব্রিটেন মুক্ত বাণিজ্য চুক্তির সূচনাকে স্মরণীয় করে রাখতে আজ বিকেলে কলকাতার নেতাজি সুভাষচন্দ্র বসু আন্তর্জাতিক বিমানবন্দরে একটি 'ফ্ল্যাগ অফ' কর্মসূচির আয়োজন করা হয়েছে। জেমস অ্যান্ড জুয়েলারি এক্সপোর্ট প্রমোশন কাউন্সিল (GJEPC), শুল্ক দফতর (Customs) এবং অন্যান্য অংশীদারদের সহযোগিতায় ডিরেক্টরেট জেনারেল অব ফরেন ট্রেড (DGFT) এই অনুষ্ঠানের আয়োজন করছে, এখান থেকে এক export consignment ব্রিটেনের উদ্দেশ্যে পাঠিয়ে এই ঐতিহাসিক মুহূর্তের সূচনা করা হবে।

*********************************************************************************

ভারত বলেছে যে, রাষ্ট্রসংঘ নিরাপত্তা পরিষদের ওপর জনগণের আস্থা কমে যাচ্ছে, যার কারণ হল রাষ্ট্রসংঘ নিরাপত্তা পরিষদের সংস্কার না হওয়া এবং আন্তর্জাতিক বিবাদ নিরসনে নিরাপত্তা পরিষদের কার্যকর ভূমিকা

গ্রহণ না করা। রাষ্ট্রসংঘে “ভবিষ্যতের জন্যে বহুপাক্ষিক ব্যাবস্থাপনা” শীর্ষক মন্ত্রী পর্যায়ের এক গোল টেবিল বৈঠকে ভারতের স্থায়ী প্রতিনিধি পি হরিশ বলেন, নিরাপত্তা পরিষদ, চলতি সংঘাত ও বিবাদ নিরসনে কার্যকর ভাবে মধ্যস্থতা করতে ব্যর্থ হয়েছে। এর ফলে আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা রক্ষায় নিরাপত্তা পরিষদের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠছে। তিনি আরও বলেন, ৮০ বছরের পুরনো রাষ্ট্রসংঘের বিভিন্ন শর্ত, বর্তমান আন্তর্জাতিক চ্যালেঞ্জের মোকাবিলায় যথেষ্ট নয়। নিরাপত্তা পরিষদের সংস্কার নিয়ে একাধিকবার আলোচনা হলেও, তার কোনও যথাযথ অগ্রগতি হয়নি।

তিনি অবিলম্বে রাষ্ট্রসংঘ নিরাপত্তা পরিষদের অর্থপূর্ণ সংস্কারের ওপরে জোর দিয়েছেন।

*****************************************************************************

হরমুজ প্রণালী দিয়ে চলাচলকারী বাণিজ্যিক জাহাজের উপর ইরানের সাম্প্রতিক হামলার পালটা পদক্ষেপ হিসাবে ইরানের বন্দরগুলি ফের অবরোধ শুরু করেছে মার্কিন যুক্তরাষ্ট্র। মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, ইরান বাদে বাকিদের জন্য হরমুজ খোলা রয়েছে। পাশাপাশি, হুঁশিয়ারির সুরে তিনি বলেছেন, ইরানে জোড়ালো আঘাত হানতে চলেছে আমেরিকা এবং এরপর থেকে প্রতিরাতে এই আক্রমণের তেজ আরও বাড়বে। ইরান সমঝোতা বিষয়ে আলোচনায় না বসলে তাদের বিদ্যুৎ কেন্দ্র ও সেতুগুলি ধ্বংস করে দেওয়া হবে বলেও হুঁশিয়ারি দিয়েছেন ডোনাল্ড ট্রাম্প। ইরান মিথ্যা কথা বলে চলেছে বলেও দাবি করেছেন তিনি।

অন্যদিকে, ইরানের সেনা বাহিনী বাহারিনের অস্ত্রাগার ও সংরক্ষণ কেন্দ্রে বড় হামলা চালিয়েছে। এই ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলায় বাহারিনের শেখ ইসা অস্ত্রাগারের বড় ক্ষয়ক্ষতি হয়েছে। হামলা চালানো হয়েছে কুয়েতের আলি সালেম বেসেও।

*****************************************************************************

হরমুজ প্রণালীতে দুটি বাণিজ্যিক জাহাজে হামলার পর, কেন্দ্রীয় বন্দর, জাহাজ ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সোনোওয়াল সংঘাতপূর্ণ এলাকায় কর্মরত ভারতীয় নাবিকদের সুরক্ষার লক্ষ্যে একটি কর্মসূচি চালু করেছেন। মন্ত্রী তাঁদের নিরাপত্তা ও কল্যাণ নিশ্চিত করতে সরকারের সর্বস্তরে যথাযথ পদক্ষেপ গ্রহণের নির্দেশ দিয়েছেন।

*****************************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, কেন্দ্র, নতুন করে শক্তি সঞ্চয় করে আয়ুর্বেদ ও যোগকে আন্তর্জাতিক স্তরে উন্নীত করেছে। তিনি আজ নতুন দিল্লিতে Saushrutam ২০২৬ এর উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন।

আয়ুর্বেদের প্রাচীন ঐতিহ্যকে বৈজ্ঞানিক মানের করে তোলার জন্যে যে উদ্যোগ নেওয়া হয়েছে, তার ও ভূয়সী প্রশংসা করেন রাষ্ট্রপতি।

এই প্রসঙ্গে আয়ুশ মন্ত্রকের ভূমিকার ও প্রশংসা করে রাষ্ট্রপতি বলেন, বিশ্ব স্বাস্থ্য সংস্থা – হু এর সঙ্গে তারা এই নিয়ে নিবিড় ভাবে যোগাযোগ রেখে যে কাজ করে চলেছে, টা রীতিমতো প্রশন্সার দাবী রাখে।

*****************************************************************************************

লোকসভার স্পিকার ওম বিড়লা বলেছেন, আইনপ্রণেতারা অর্থবহ বিতর্ক ও গঠনমূলক আলোচনার মাধ্যমেই স্বীকৃতি লাভ করেন, সংসদে বিশৃঙ্খলা সৃষ্টির মাধ্যমে নয়। রাজস্থান বিধানসভার ৭৫ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত 'অমৃত মহোৎসব'-এর অংশ হিসেবে 'বিধায়ী গৌরব যাত্রা'-র উদ্বোধনী অধিবেশনে ভাষণে শ্রী বিড়লা বলেন, গণতান্ত্রিক সংলাপ ও আলোচনার ক্ষেত্রে রাজস্থানের এক সমৃদ্ধ ঐতিহ্য রয়েছে।

বিধানসভাকে গণতন্ত্রের পাঠশালা হিসেবে অভিহিত করে তিনি বলেন, স্বচ্ছতা ও দায়বদ্ধতা বর্তমান সময়ের দাবি।

*****************************************************************************************

মহারাষ্ট্রে, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক , ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সি -NIA-র তদন্তাধীন অপরাধগুলোর বিচারের জন্য একটি নতুন বিশেষ আদালত গঠন করেছে। বোম্বে হাইকোর্টের প্রধান বিচারপতি এবং মহারাষ্ট্র সরকারের সঙ্গে আলোচনার পর , মন্ত্রক এই সিদ্ধান্ত নিয়েছে। এক বিজ্ঞপ্তিতে মন্ত্রক জানিয়েছেন, মুম্বাইয়ের নগর দায়রা আদালতের ২৬ নম্বর কক্ষটিকে NIA-র তদন্তাধীন অপরাধের বিচারের জন্য বিশেষ আদালত হিসেবে নির্দিষ্ট করা হয়েছে। নবনিযুক্ত এই বিশেষ NIA আদালতের এক্তিয়ার মহারাষ্ট্র রাজ্য জুড়ে বলবত থাকবে। NIA আইন অনুযায়ী সন্ত্রাসবাদ-সম্পর্কিত এবং অন্যান্য তালিকাভুক্ত অপরাধসহ NIA-র তদন্তাধীন বিষয়গুলোর দ্রুত বিচার নিশ্চিত করার লক্ষ্যে মন্ত্রক এই বিশেষ আদালত গঠন করেছে।

*****************************************************************************************

ওড়িশার পুরীতে আগামীকাল ভগবান জগন্নাথের রথযাত্রার জন্য প্রস্তুতি প্রায় সম্পন্ন। গতকাল পবিত্র 'নবযৌবন দর্শন'-এর পর, বার্ষিক এই রথযাত্রা উপলক্ষে বিস্তারিত ধর্মীয় আচার-অনুষ্ঠান, প্রশাসনিক ও নিরাপত্তা সংক্রান্ত যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে।

এই পবিত্র যাত্রা শ্রী জগন্নাথ মন্দির থেকে শ্রী গুণ্ডিচা মন্দির পর্যন্ত হয়। তিনটি সুদৃশ্য রথ—নন্দীঘোষ, তালধ্বজ ও দর্পদলন—সুন্দরভাবে সুসজ্জিত করা হয়েছে এবং মন্দিরের সিংহদ্বারের সামনে প্রস্তুত রাখা হয়েছে। ভিড় সামলানো, নিরাপত্তা, স্বাস্থ্যসেবা, পরিচ্ছন্নতা, যান চলাচল নিয়ন্ত্রণ এবং জরুরি পরিষেবার জন্য ওড়িশা সরকার ব্যাপক আয়োজন করেছে। উৎসবটি সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে হাজার হাজার নিরাপত্তা কর্মী মোতায়েন করা হয়েছে; তাঁদের সঙ্গে রয়েছে কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী, কৃত্রিম বুদ্ধিমত্তা-AI চালিত নজরদারি ব্যবস্থা, ড্রোন এবং বিস্তৃত সিসিটিভি নেটওয়ার্ক।

এদিকে, বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপের কারণে ওড়িশার বিভিন্ন অংশে ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে ভারতের আবহাওয়া দপ্তর। এর ফলে আগামীকালের রথযাত্রায় ব্যাঘাত ঘটার আশঙ্কা রয়েছে।

*****************************************************************************************

ওড়িশায় আজ ভারী থেকে অতিভারী বৃষ্টির লাল সতর্কতা জারি করেছে ভারতীয় আবহাওয়া দফতর আইএমডি। ভারী বৃষ্টি হতে পারে পশ্চিমবঙ্গ, বিহার, ঝাড়খণ্ড, ছত্তিশগড় ও উত্তর ভারতের কয়েকটি রাজ্যে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গে ঝড়-বৃষ্টির পূর্বাভাস রয়েছে। এছাড়াও আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ, জম্মু ও কাশ্মীর, লাদাখ, কর্ণাটক, কেরল, গোয়া, কোঙ্কন, মধ্য মহারাষ্ট্র ও উত্তরাখণ্ডে আগামী দু'দিন বৃষ্টি হতে পারে।

তবে তাপপ্রবাহের পরিস্থিতি থাকতে পারে অন্ধ্রপ্রদেশ, তামিলনাড়ু, পুদুচেরি ও কড়াইকলে। আর্দ্র আবহাওয়া থাকবে দিল্লি, হরিয়ানা, পাঞ্জাব, চণ্ডীগড় ও উত্তরপ্রদেশে।

************************************************************************************

বিশ্বকাপ ফুটবলের দ্বিতীয় সেমিফাইনালে, গতবারের বিশ্ব চ্যাম্পিয়ন আর্জেন্টিনা,আজ ইংল্যান্ডের মুখোমুখি হবে। আটলান্টা স্টেডিয়ামে খেলা শুরু হবে ভারতীয় সময় রাত সাড়ে ১২ টায়।

এই ম্যাচের পরাজিত দল, তৃতীয় স্থানাধিকারী নির্ণায়ক ম্যাচ শনিবার, ফ্রান্সের বিরুদ্ধে খেলবে। ম্যাচের জয়ী দল রবিবার ফাইনালে স্পেনের বিরুদ্ধে খেলবে।

উল্লেখ্য, স্পেন ইতোমধ্যেই ফাইনালে উঠেছে। প্রথম সেমিফাইনালে গতরাতে স্পেন ২-০ গোলে ফ্রান্সকে হারিয়ে দেয়।

স্পেনের হয়ে ২২ মিনিটে পেনাল্টি থেকে মিকেল ওয়ার্জাবাল ও ৫৮ মিনিটে পেদ্রো পোরো গোল করেন। ২০১০ এ বিশ্বচ্যাম্পিয়ন হওয়ার পর এই প্রথম ফাইনালে উঠলো তারা।

************************************************************************************